

সর্বহারা অবিশ্বাসী

সুনীল গঙ্গোপাধ্যায়

আমার ঘনিষ্ঠ বন্ধুর স্ত্রী
বেশ সেজেগুজে এসেছে,
কিন্তু আমাদের সঙ্গে খেতে বসবে না,
আজ তার নীলষষ্ঠী।
যৌবন বয়েসে এই নিয়ে
কত না চটুল রঙ্গ করতাম,
এখন শুধু একটা পাতলা হাসি
অন্যের বিশ্বাসে নাকি
আঘাত দিতে নেই।

আর এক বন্ধু
যে প্রথম আমায়
ছাত্র রাজনীতিতে টেনেছিল,
তার আঙুলে দেখি
একটা নতুন পাথর বসানো আংটি,
আমার কুঞ্চিত ভুরু দেখে
সে দুর্বল গলায় বলল -
শরীরটা ভালো যাচ্ছে না
তাই শাশুড়ি এটা পরতে বললেন,
মুনস্টোন, না বলা যায় না।
আমার মনে হল
এ যেন আমারই নিজস্ব পরাজয়!

শ্রদ্ধেয় অধ্যাপকের বাড়ি, মাঝে মাঝে তাঁর
আলাপচারিতা শুনতে...
এখনও কত কিছু শেখার আছে
আজই প্রথম দেখলাম,
তাঁর দরজার পেছন দিকে
গণেশের মূর্তি আটকানো।
প্রশ্ন করিনি, তিনি নিজেই জানালেন
দক্ষিণ ভারত থেকে ছেলে এনেছে,
কী দারুণ কাজ না?
সুন্দর মূর্তির স্থান
শো-কেসের বদলে

দরজার ওপরে কেন,
বলিনি সে কথা -
সেই ফক্কুড়ির বয়েস আর নেই।

বয়েস হয়েছে তাই হেরে যাচ্ছি
অনবরত হেরে যাচ্ছি,
অন্যের বিশ্বাসে আঘাত দিতে নেই...
অন্যের বিশ্বাসে আঘাত দিতে নেই...
চতুর্দিকে এত বিশ্বাস
দিনদিন বেড়ে যাচ্ছে,
কত রকম বিশ্বাস...
যে গেরুয়াবাদী ঠিক করেছে,
পরধর্মের শিশুর রক্ত গড়াবে মাটিতে,
চাটবে কুকুরে
সেটাও তার দৃঢ় বিশ্বাস।
ধর্মের যে ধ্বজাধারী মনে করে,
মেয়েরা গান গাইলে
গলার নলি কেটে দেওয়া হবে,
টেনিস খেলতে চাইলেও
পরতে হবে বোরখা,
সেটাও তার দৃঢ় বিশ্বাস।
যে পেটে বোমা বেঁধে
যাচ্ছে ধ্বংসের দিকে,
যে পেশি ফুলিয়ে, দাঁতো হাসি হেসে
পদানত করতে চাইছে গোটা বিশ্বকে,
এরা সবাইতো বিশ্বাসীর দল।

সবাই বিশ্বাসী, বিশ্বাসী, বিশ্বাসী
এক-একবার ভাঙা গলায়
বলতে ইচ্ছে করে
অবিশ্বাসীর দল জাগো,
দুনিয়ার সর্বহারা অবিশ্বাসীরা
এক হও!

Manifesto for the faithless

Sunil Gangopadhyay

Wife of a dear friend,
Has come dressed for the party.
She won't join us for dinner however.
She is fasting. So that her
Newborn is a boy.
When young, we made
Cheap fun of such customs.
Now, I barely manage a flat smile.
A belief cannot be hurt, I am told.

The key finger of another comrade -
who steered me into student politics -
Boasts a polished new ring.
He noticed my raised brows.
"Not keeping well. Mom-in-law implored.
Moonstone. Couldn't say no".
Don't know why,
But I saw my own defeat
in his trembling voice.

An admired professor; I visit him often.
Had much to learn, I assumed.
Found a Ganesh today, stuck behind the door.
"My son got it from South India.
Wonderful art, isn't it?"
He reasoned. Not that I asked.
Nor did I probe why
A statuette would adorn
A door and not a shelf for display.
I am past such frivolity.
With age, I feel defeated each day.
Every day, I feel having lost.

No belief can be hurt, they say.
No belief can be offended, I hear.
And each new day, a new belief
Is born, and repeats itself.

The saffron-clothed, who resolved
That the blood of infant from
Another faith must soak the earth
For the dogs to lick,
Has decided it to be his belief.

The flag-bearing faithful
Who declared that cords be cut
If women dared to sing,
And they be burkha-shielded
While playing tennis,
Has claimed his belief too.

Those who tie bombs to their breast
And march to annihilation,
Or the brawny, who stomp on
The world with a toothy smile,
Also belong to the herd of believers.

Believers, believers, believers
Everyone a believer.
Sometimes, with a broken voice
I want to scream:
“Wake up, you wretched non-believers,
The faithless of the world, unite!”

মূল বাংলা থেকে অনুবাদ সায়নদেব চৌধুরী

Translated from the Bengali poem *Shorbohara Obishashi*
by Sayandeb Chowdhury